



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
এল.এ (সাধারণ) শাখা

ফরম-ক

www.khulna.gov.bd

[ধারা ৪ এর (১) নং উপ-ধারা দ্রষ্টব্য]

কেস নম্বর এল.এ (সাঃ) ০৯/২০২০-২০২১

জারির নম্বর :

৩৫৬৮(২০)

তারিখ :- ০৫/০৫/২০২১ খ্রিঃ।

- প্রাপক : ১। জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের নোটিশ বোর্ড।
২। উপজেলা নির্বাহী অফিসার, বাটিয়াঘাটা, খুলনা মহোদয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
৩। সহকারী কমিশনার (ভূমি), বাটিয়াঘাটা, খুলনা এর নোটিশ বোর্ড।
৪। প্রকল্প পরিচালক, খুলনা হতে মংলা পোর্ট পর্যন্ত রেলপথ নির্মাণ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা তাঁকে যৌথ তদন্তের বিষয়টি মাইকিংসহ ব্যাপক প্রচারের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে অবহিত ও সচেতন করার ও এ্যালাইনমেন্ট অনুসারে লাল ফ্লাগ গেড়ে প্রস্তাবিত জায়গাটি চিহ্নিত করতে এবং ধার্য তারিখে প্রকল্প স্থানে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।
৫। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা। (জেলা প্রশাসক মহোদয়ের ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
৬। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাটিয়াঘাটা, খুলনা (মহোদয়ের ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
৭। চেয়ারম্যান, ০১ নং জলমা ইউনিয়ন পরিষদ, বাটিয়াঘাটা, খুলনা এর নোটিশ বোর্ড।
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, জলমা ইউনিয়ন ভূমি অফিস, বাটিয়াঘাটা, খুলনা এর নোটিশ বোর্ড।
৯। উদ্যোক্তা ইউনিয়ন ডিজিটাল সেন্টার, জলমা ইউনিয়ন পরিষদ, বাটিয়াঘাটা, খুলনা এর ওয়েবসাইটে প্রদর্শনের জন্য।
১০। মাথাভাঙ্গা মৌজার (বাটিয়াঘাটা, খুলনা) প্রকাশ্য স্থানে লটকাইয়া জারি করার জন্য।

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি খুলনা জেলার বাটিয়াঘাটা উপজেলায় খুলনা হতে মংলা পোর্ট পর্যন্ত রেলপথ নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় খুলনা জেলার বাটিয়াঘাটা উপজেলাধীন মাথাভাঙ্গা মৌজার রেললাইন নির্মাণ শীর্ষক প্রকল্পের জন্য জনপ্রয়োজন ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু এক্ষেত্রে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারি করা হইল যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হয়েছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির পরবর্তী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে, প্রস্তাবিত সম্পত্তির অধিগ্রহণের বিরুদ্ধে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারবেন।

তারিখে বা তারিখ হইতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হইবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইলো।

তফসিলঃ

ক্র: নং:	জেলা- খুলনা	উপজেলা- বাটিয়াঘাটা	মৌজা-মাথাভাঙ্গা	জে.এল নং-১২		
	খতিয়ান নং (আর.এস)	দাগ নং (আর.এস)	জমির শ্রেণি	দাগে মোট জমি (একর)	অধিগ্রহণ প্রস্তাবিত জমি(একর)	আংশিক/পূর্ণ
০১	৪২০	১০৫	বিলান	৩.৩৯০০	০.৩১০৪	আংশিক
০২	৪২০, ৪৯৫	১৫২	বিলান	১.০৯০০	০.০২১২	আংশিক
০৩	৪১০	১৫৩	বিলান	০.৫৩০০	০.০৫৯৩	আংশিক

মোট জমির পরিমাণ ০.৩৯০৯ একর।

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্যঃ

- উল্লিখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদির ডিডিও/ সরেজমিনে তদন্ত করে মালিকানা / দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সোর্টিংফাইল/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুতপূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ / নামজারী না হইয়া থাকিলে, অবিলম্বে হালকরণপূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা বা মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।
- অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণি পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।
- সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতাপ্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েবসাইট www.khulna.gov.bd ভিজিট করুন।

জেলা প্রশাসক, খুলনা এর পক্ষে
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
খুলনা।